গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন-১

নং-স্বঃমঃ-পাঃনীঃ (সাধারণ)-০২/১০(বহি-১)/৩৯২ — ০৮ এপ্রিল ২০১০

# পরিপত্র

বিষয় ঃ **Machine Readable Passport (MRP) & Machine Readable Visa (MRV) চালুকরণ সম্পর্কিত ২৭ মার্চ ২০১০ এ জারীকৃত পরিপত্র প্রসঙ্গে**

সূত্র ঃ এ মন্ত্রণালয়ের জারীকৃত পরিপত্র নং-স্বঃমঃ-পাঃনীঃ (সাধারণ)-০২/১০(বহি-১)/৩৩৪, ২৭ মার্চ ২০১০

উর্পযুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আর্ন্তজাতিক বেসামরিক বিমান পরিবহন সংস্থা (ICAO)'র সদস্য দেশসমূহের মধ্যে সম্পাদিত চুক্তি অনুসরণে প্রণীত কার্যপত্র/১৮ (Working Paper/18)'র ২.৩.২ নং অনুচ্ছেদের আলোকে সূত্রে বর্ণিত পরিপত্রে উল্লিখিত ৩১ মার্চ ২০১১ পর্যন্ত মেয়াদোত্তীর্ণ হাতে লেখা পাসপোর্টের নবায়ন এবং ইস্যুর তারিখ হতে এক বৎসর মেয়াদী হাতে লেখা জরুরী (Emergency) পাসপোর্ট, ৩১ মার্চ ২০১১ পর্যন্ত প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কিন্তু, পরবর্তীতে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনসমূহ এবং অন্যান্য সূত্রে প্রাপ্ত তথ্যে জানা যায়, বর্ণিত সময়কাল পর্যন্ত মেয়াদোত্তীর্ণ হাতে লেখা পাসপোর্টের নবায়ন/ইস্যুর তারিখ হতে এক বৎসর মেয়াদে হাতে লেখা জরুরী (Emergency) পাসপোর্ট প্রদানের ক্ষেত্রে মধ্যপ্রাচ্য, মালয়েশিয়াসহ বিশ্বের অন্যান্য দেশে কর্মরত/গমনকরী বাংলাদেশী শ্রমিকদের, পড়াশোনার জন্য গমনকারী/অবস্থানরত শিক্ষার্থীগণের, বৈদেশিক শান্তি মিশনে কর্মরত/গমনকারী সামরিক-বেসামরিক সরকারী কর্মকর্তা/কর্মচারীগণসহ অনেকেরই তাদের কর্ম চুক্তি লাভে/সম্পাদনে জটিলতার সৃষ্টি হওয়ার আশংকা রয়েছে। সম্ভাব্য সমস্যা থেকে উত্তরণের লক্ষ্যে নিম্নলিখিত ব্যবস্থা/পদক্ষেপ অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল -

ক. সংশ্লিষ্ট দেশের সরকারের গ্রহণযোগ্যতা সাপেক্ষে বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/হাইকমিশন হতে দুই বৎসর মেয়াদে হাতে লেখা জরুরী (Emergency) পাসপোর্ট ইস্যু করা যাবে। তবে, এক্ষেত্রে সমস্যার সৃষ্টি হলে সংশ্লিষ্ট দেশের সরকারের গ্রহণযোগ্যতা সাপেক্ষে হাতে লেখা পুরাতন পাসপোর্ট নবায়ন/এক বৎসর মেয়াদী হাতে লেখা জরুরী (Emergency) পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে পাসপোর্টের প্রথম পৃষ্ঠায় "Emergency Renewal/Issue" এবং পাসপোর্টের অভ্যন্তরে ৭ম (সপ্তম) পৃষ্ঠায় "This passport will be replaced by regular MRP for five years within its validity" নামাঙ্কিত সীল প্রদান করা যেতে পারে;

খ. দেশের অভ্যন্তরে হাতে লেখা পুরাতন পাসপোর্ট নবায়ন/এক বৎসর মেয়াদী হাতে লেখা জরুরী (Emergency) পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রেও প্রয়োজনের নিরিখে পাসপোর্টের সংশ্লিস্ট পৃষ্ঠায় উক্তরূপ সীল প্রদান করতে হবে।

০২. মাননীয় সংসদ সদস্য, তিনটি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ, সিটি কর্পোরেশন ও পৌরসভার মেয়র ও কাউন্সিলর, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সরকারী কার্যে বিদেশে গমনকারী, সকল পর্যায়ের সামরিক-বেসামরিক সরকারী কর্মকর্তা/কর্মচারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থার প্রত্যয়ন সাপেক্ষে আধাসরকারী, স্বায়ত্তশাসিত ও রাষ্ট্রায়ত্ব সংস্থায় কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারী, অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা/কর্মচারী ও তাদের স্ত্রী এবং সরকারী কর্মকর্তা/কর্মচারীর স্ত্রীসহ ১৫ (পনের) বৎসরের কম বয়সী সন্তানদের জন্য হাতে লেখা পুরাতন পাসপোর্টের নবায়ন ও নতুন পাসপোর্ট (হাতে লেখা জরুরী/MRP) ইস্যুর ক্ষেত্রে পুলিশ প্রতিবেদনের প্রয়োজন নেই। এছাড়া, সকল ক্ষেত্রে হাতে লেখা পুরাতন পাসপোর্টের নবায়ন এবং হাতে লেখা পুরাতন পাসপোর্ট সমর্পণ করে তার পরিবর্তে হাতে লেখা নতুন জরুরী (Emergency) বা মেশিন রিডাবল পাসপোর্ট ইস্যু/গ্রহণের ক্ষেত্রেও পুলিশ প্রতিবেদনের প্রয়োজন হবে না। অন্যান্য সকল ক্ষেত্রে নতুন হাতে লেখা জরুরী (Emergency) বা মেশিন রিডাবল পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে পুলিশ প্রতিবেদন আবশ্যক হবে।

০৩. হাতে লেখা পুরাতন পাসপোর্টের নবায়ন অথবা এর পরিবর্তে হাতে লেখা নতুন জরুরী (Emergency) পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে পাসপোর্ট ইস্যু করতে হবে।

০৪. পক্ষান্তরে, হাতে লেখা নতুন জরুরী (Emergency) পাসপোর্ট ও জরুরী মেশিন রিডাবল পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ১৫ (পনের) কার্য দিবস এবং সাধারণ মেশিন রিডাবল পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে পুলিশ প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে পাসপোর্ট ইস্যু করতে হবে।

০৫. উপরিউক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

08/4/10

(মোহাম্মদ ইফতেখার হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৬৬৮৩২

C:\Documents and Settings\user\Desktop\MRP\Paripatra 09-10.doc

Fax +88 02 7164788
www.mha.gov.bd

**বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে/জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০২. সচিব, সংস্থাপন মন্ত্রণালয়, ঢাকা
০৩. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় (বিদেশে অবস্থিত সকল বাংলাদেশ হাইকমিশন/দূতাবাস সমূহকে অবহিত করার অনুরোধসহ)
০৪. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা
০৬. মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা
০৭. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, ঢাকা
০৮. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা
০৯. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল
১০. পুলিশ কমিশনার/উপ-মহাপুলিশ পরিদর্শক, ....................................... (সকল)
১১. প্রকল্প পরিচালক, Introduction of MRP & MRV in Bangladesh Project, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা
১২. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, ঢাকা
১৩. জেলা প্রশাসক, ...................................... জেলা (সকল)
১৪. পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, ...................................... জেলা (সকল)